# যে সকল জিনিস একজন ব্যক্তির জীবন যাত্রা নির্বাহের পথ সহজ করে সেগুলি কি ভাবে পাওয়া যায়

নানারকমের জিনিস পাওয়া যায় - দুই হাত দিয়ে ধরবার মগ থেকে ইলেকট্রিক হুইলচেয়ার পর্যন্ত - যেগুলি এমনভাবে তৈরী করা হয়েছে যাতে সেগুলি একজন বিকলাঙ্গ ব্যক্তির জীবনযাত্রা নির্বাহের পথকে সহজ করে তুলতে পারে৷

এই জিনিসষগুলির খোজ খবর নেওয়া গুরুত্বপূর্ণ৷ আপনি হয়ত দেখবেন যে, আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন একটা কোন সাহায্যকারী বস্তুর দ্বারা তার অনেক স্ববিধা হয়েছে৷ আপনি হয়ত সেই জিনিসটা কিনবার জন্য আর্থিক সাহায্য পেতে পারেন অথবা হয়ত বিনা পয়সায়ও পেতে পারেন৷

## আপনি কোথায় এই সাহায্যকারী জিনিসগুলি পেতে পারেন?

এই সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) বিভিন্ন স্থানে পাওয়া যায়৷ আপনার প্রয়োজনের উপর নির্ভর করে আপনি কোথায় সেটা পাবেন৷ কিছু কিছু সংস্থা - যেমন আপনার স্থানীয় কাউন্সিল বা স্বাস্থ্য বিভাগ - কোন কোন জিনিস বিনামূল্যে অথবা স্বল্পমূল্যে দিতে পারেন৷ কোন জিনিস কিনবার আগে এটা দেখা ভাল যে তাদের কাছে কি পাওয়া যায়৷

- স্বাস্থ্য সম্পর্কিত সাহায্যকারী জিনিসগুলি আপনি আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ থেকে পেতে পারেন
- যে সকল সাহায্যকারী জিনিসগুলি স্বাস্থ্য সম্পর্কিত নয় সেগুলি আপনি আপনার স্থানীয় কাউন্সিল থেকে পেতে পারেন
- একজন ব্যক্তি কোন সাহায্যকারী জিনিসগুলির (aids and equipments) সহায়তায় তার চাকরীর কাজ যাতে সহজে করতে পারেন তার জন্য আপনি ওয়ার্ক এবং পেনশন বিভাগ থেকে সেই জিনিসগুলি পেতে পারেন
- আপনি চ্যারিটি (chrity), সদাশয় সংস্থা(bebevolent organisations) এবং স্বয়ংসেবী দলগুলি (self-helf group)থেকে সাহায্যকারী জিনিসগুলি ধার করতে, ভাড়া করতে অথবা কিনতে পারবেন
- বিভিন্ন কোম্পানি থেকে আপনি এই সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) কিনতে পারবেন
- আপনি যদি নিজে সাহায্যকারী জিনিসগুলি তৈরী করতে চান তাহলে কি করবেন

## স্বাস্থ্য সম্পর্কিত সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) আপনি আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ থেকে পেতে পারেন

আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন, তার যদি নিম্নলিখিত জিনিসগুলির দরকার হয় তাহলে, আপনার তার ডাক্তারের (GP) সঙ্গে যোগাযোগ করা উচিত:

- অসংযমী (incontinent যারা পায়খানা/প্রশ্রাব সামলাতে পারেন না) ব্যক্তিদের জন্য সাহায্যকারী জিনিসপত্রগুলি

- স্টমা(stoma) জিনিসপত্রগুলি- এইগুলি হল সেইসকল ব্যক্তিদের জন্য যাদের কতকগুলি বিশেষ ধরনের পেট অপারেশন হয়েছে
- ডায়াবেটিস সামলানোর জন্য জিনিস (equipments)
- শরীরে ঘা এর জন্য বিশেষ ধরনের ব্যন্ডেজ বা সাহায্য
- শ্বাস প্রশ্বাসের (respiratory) জন্য বিশেষ ধরনের জিনিসগুলি

আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তিনি যদি সবে হাসপাতাল থেকে ছাড়া পাচ্ছেন এবং বাড়ী আসার পর সঙ্গে সঙ্গে যে কোন স্বাস্থ্য সম্পর্কিত সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) তার দরকার হবে, তাহলে তার হাসপাতালের বিশেষজ্ঞ ডাক্তারের (consultant) সেই জিনিসগুলি সঙ্গে দিয়ে দেওয়া উচিত।

দয়া করে মনে রাখবেন যে এই সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) বিনামূল্যে অথবা স্বল্পমূল্যে দেওয়া হয়ে থাকে।

- কি করে এই সাহায্যকারী জিনিসগুলির (aids and equipments) উপর ভিএটি-র (VAT) পয়সা বাচাবেন
- সাহায্যকারী জিনিসগুলির (aids and equipments) জন্য যদি খরচ করতে হয় তাহলে কি ভাবে সাহায্য পাওয়া যাবে

## যে সকল সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) স্বাস্থ্য সম্পর্কিত নয় সেগুলি আপনি আপনার স্থানীয় কাউন্সিল থেকে পেতে পারেন

প্রতিদিনের ব্যবহারের জন্য আপনার যদি সাহায্যকারী জিনিসগুলির (aids and equipments) (যেমন হাটাচলার জন্য লাঠি ইত্যাদি) দরকার হয়, তাহলে আপনার স্থানীয় কাউন্সিলের সোসাল সার্ভিস বিভাগের সঙ্গে যোগাযোগ করুন।

আপনি যদি স্কটল্যান্ডে বাস করেন তাহলে সোসাল সার্ভিস বিভাগের সঙ্গে যোগাযোগ করুন এবং আপনি যদি নর্দান আয়ারল্যান্ডে বাস করেন তাহলে স্বাস্থ্য এবং সোসাল সার্ভিস বিভাগের সঙ্গে যোগাযোগ করুন।

দয়া করে মনে রাখবেন যে এই সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) বিনামূল্যে অথবা স্বল্পমূল্যে দেওয়া হয়ে থাকে।

## একজন ব্যক্তি কোন সাহায্যকারী জিনিসগুলির (aids and equipments) সহায়তায় তার চাকরীর কাজ যাতে সহজে করতে পারেন তার জন্য আপনি ওয়ার্ক এবং পেনশন বিভাগ থেকে সেই জিনিসগুলি পেতে পারেন

বিকলাঙ্গ ব্যক্তি যারা চাকরি করেন, তাদের কাজ সহজ করার জন্য, ওয়ার্ক এবং পেনশন বিভাগ, এই সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) দেবার জন্য বিশেষ ব্যবস্থা করে থাকেন। এই জিনিসগুলির মধ্যে আছে বিশেষ ধরনের কমপিউটার, কথা বলা ক্যালকুলেটর ইত্যাদি। এই জিনিসগুলি বিনামূল্যে দেওয়া হয়ে থাকে।

বিকলাঙ্গ ব্যক্তিদের কাজের জায়গা তাদের জন্য যাতে আরও উপযুক্ত করা যায় সেই ব্যপারে নিয়োগকর্তাদের (employers) সাহায্য করবার জন্য গ্রান্ট পাওয়া যায়।

এই বিষয়ে আরও খবরের জন্য আপনার স্থানীয় জব সেন্টারের সঙ্গে যোগাযোগ করুন।

## আপনি চ্যারিটি (chrity), সদাশয় সংস্থা(benevolent organisations) এবং স্বয়ংসেবী দলগুলি (self-helf group) থেকে সাহায্যকারী (aids and equipments) জিনিসগুলি ধার করতে, ভাড়া করতে অথবা কিনতে পারবেন

নানাধরনের সংস্থা আছে যাদের থেকে সাহায্যকারী (aids and equipments) জিনিসগুলি ধার করা, ভাড়া করা অথবা কেনা যায়:

- ব্রিটিশ রেড ক্রস সোসাইটির স্থানীয় শাখাগুলি মৌলিক (basic) জিনিসপত্রগুলি যেমন - হুইলচেয়ারা, দিয়ে থাকে। মবিলিটি - ইলেকট্রিক হুইলচেয়ার এবং গাড়ী, যেটা আপনি কিস্তিবন্দিতে (hire-purchase) কিনতে পারবেন (তার মানে হল আপনাকে একসঙ্গে সব টাকা দিতে হবে না, টাকা দীর্ঘ সময় ধরে কিস্তিতে দেওয়া যাবে) সেগুলি দিয়ে থাকে। যারা ডিসেবিলিটি লিভিং এলাউন্সের চলাফেরার অংশের (component) উচ্চতম পরিমানের (highest rate) বেনিফিট পেয়ে থাকেন কেবলমাত্র তারাই মবিলিটি থেকে এই জিনিসগুলি পেতে পারেন।

- কনটিনেন্স ফাউন্ডেশন অসংযমী (incontinent যারা পায়খানা/প্রশ্রাব সামলাতে পারেন না) ব্যক্তিদের জন্য বিশেষ বিশেষ সাহায্যকারী জিনিসপত্রগুলি (aids and equipments) দিয়ে থাকেন।

## বিভিন্ন কোম্পানি থেকে আপনি এই সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) কিনতে পারবেন

বিভিন্ন কোম্পানি থেকে আপনি এই সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) কিনতে পারবেন। এর মধ্যে অনেকগুলি কোম্পানিরই, যে সকল ব্যক্তিদের পক্ষে দোকানে গিয়ে জিনিস দেখে কেনা সম্ভব নয়, তাদের জন্য ডাকে জিনিস পাঠাবার ব্যবস্থা আছে। ডাকে জিনিস কিনবার আগে আপনার স্থানীয় সোসাল সার্ভিসের অকুপেশনেল থেরাপিস্টের কাছ থেকে উপদেশ নেওয়া ভাল।

ডিসেবলড লিভিং ফাউন্ডেশন এই সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) সম্বন্ধে তথ্য সরবরাহ করতে পারে। তাদের সঙ্গে ০৮৪৫ ১৩০ ৯১৭৭ এই টেলিফোন নম্বরে যোগাযোগ করা যায়।

## আপনি যদি নিজে সাহায্যকারী জিনিসগুলি তৈরী করতে চান তাহলে কি করবেন

আপনি যদি নিজে সাহায্যকারী জিনিসগুলি তৈরী করতে চান তাহলে কি ভাবে আরম্ভ করবেন তার জন্য নীচে কয়েকটি বই পড়বার জন্য স্বপারিশ করা হল

হেন্ডমেইড হেল্পস ফর ডিসেবলড লিভিং, লেখক স্টুয়ার্ট গ্রেঞ্জার,
বেটসফোর্ড, £ ১২.৯৯ আই এস বি এন ০ ৭১৩৪ ৩৯৩৫ ১
(handmade helps for disabled living, by Sruart Granger
Batsford, £12.99 ISBN 0 7134 3935 1)

আই কেন ডু ইট মাইসেলফ, লেখক ওউটার ভান লিউওয়েন এবং হান্স এলযেগনার,
£ ৬.৯৫ আই এস বি এন ০ ৯০৭ ৩৪৯৩১৫
(I can do it myself, by Wouter Van Eeeuwen and Hans Elzenger
£6.95 ISBN 0 907 349315)

## সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) ধার, ভাড়া অথবা কেনার আগে কোথায় সেগুলি দেখতে এবং পরীক্ষা করতে পারবেন?

বেশ কয়েক ভাবেই আপনি সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) ধার, ভাড়া অথবা কেনার আগে দেখবার ব্যবস্থা করতে পারবেন?

- কোন একটি ডিসেবলড ইনডিপেন্ডেন্ট লিভিং সেন্টারে যান
- যারা অন্ধ এবং চোখে কম দেখেন তাদের জন্য কোন একটা রিসোর্স (rosource) সেন্টারে যান
- বধির (deaf) এবং যারা কানে কম শোনেন তাদের জন্য যে সেন্টারগুলি আছে তার কোন একটাতে যান

### ডিসেবলড লিভিং সেন্টার অথবা ইনডিপেন্ডেন্ট লিভিং সেন্টার

আপনি যদি উপরোক্ত কোন একটা সেন্টারে যান তাহলে সেখানে আপনি, আপনার কি দরকার এবং কি ভাবে সেই জিনিসগুলি পরীক্ষা করে দেখবেন সেই বিষয়ে একজন অকুপেশনেল থেরাপিস্টের সঙ্গে কথা বলতে পারবেন - তিনি হচ্ছেন বিকলাঙ্গদের বিষয়ে বিশেষজ্ঞ।

আপনার এলাকায় কোথায় এই সেন্টার আছে সেটা বের করবার জন্য 'ইনডিপেন্ডেন্ট লিভিং সেন্টার কাউন্সিলর (Independent Living Centres Council)' এর সঙ্গে যোগাযোগ করুন।

### অন্ধ এবং যারা চোখে কম দেখেন তাদের জন্য কোন একটা রিসোর্স (rosource) সেন্টার

যারা অন্ধ এবং চোখে কম দেখেন তাদেরকে সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) সম্বন্ধে উপদেশ দেওয়া এবং সহায়তা করার জন্য ইউ কে তে ৫০টির মত রিসোর্স (rosource) সেন্টার আছে। আপনার এলাকায় কোথায় এই সেন্টার আছে সেটা বের করবার জন্য 'দি রয়াল ন্যাশনাল ইনস্টিটিউট ফর দি ব্লাইন্ড (The National Institute for the Blind)' এর সঙ্গে যোগাযোগ করুন।

যাদের চোখে দেখার সমস্যা আছে, তাদের জন্যও নানারকমের সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) লিভিং সেন্টারগুলিতে রাখা আছে। আপনার এলাকায় কোথায় এই সেন্টার আছে সেটা বের করবার জন্য 'ইনডিপেন্ডেন্ট লিভিং সেন্টার কাউন্সিলর (Independent Living Centres Council)' এর সঙ্গে যোগাযোগ করুন।

### বধির (deaf) এবং যারা কানে কম শোনেন তাদের জন্য সেন্টারগুলি

যারা কানে কম শোনেন, তারা মূল্যায়ন(assessment), উপদেশ, শিক্ষা(training) এবং সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) কি ভাবে ব্যবহার করা হয় সেটা দেখবার জন্য এই সেন্টারগুলিতে যেতে পারেন। আপনার এলাকায় কোথায় এই সেন্টার আছে সেটা বের করবার জন্য 'দি রয়াল ন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেফ পিপল (The Royal National Institute for Deaf People)' সংস্থার সঙ্গে যোগাযোগ করুন।

এ ছাড়াও আছে কমিউনিকেশন এইড সেন্টারগুলি। এই সেন্টারগুলি যে সকল ব্যক্তিদের কথা বলার বা কানে শোনার সমস্যা আছে , তারা সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) সম্বন্ধে বিশেষজ্ঞ।। যদি প্রয়োজন হয় তাহলে আপনার স্পীচ থেরাপিস্ট আপনাকে সেখানে পাঠাতে পারেন।

## কি করে এই সাহায্যকারী জিনিসগুলির (aids and equipments) উপর ভিএটি-র (VAT) পয়সা বাচাবেন

ভি এ টি হচ্ছে একটা ট্যাক্স যেটা দিতে হয় কতকগুলি নির্দিষ্ট জিনিষ অথবা সেবা ক্রয় করলে। কিছু কিছু সাহায্যকারী জিনিসগুলির (aids and equipments) উপর আপনাকে ভি এ টি দিতে হবে না। ভি এ টি না দেওয়ার জন্য আপনাকে একটা ফর্মে এই বলে দস্তগত দিতে হবে যে, এই জিনিসগুলি কেনা হচ্ছে একজন ব্যক্তির ব্যবহারের জন্য যিনি দীর্ঘস্থায়ী অসুস্থতা অথবা বিকলাঙ্গতায় ভুগছেন। ভি এ টি না দেওয়া সম্বন্ধে লিফলেট এবং এই ফর্ম আপনার স্থানীয় 'কাস্টম এন্ড এক্সাইজ (Customs and Excise)' অফিসে পাবেন।

## সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) কিনবার জন্য কি ভাবে আর্থিক সাহায্য পাওয়া যেতে পারে

এই সাহায্যকারী জিনিসগুলির (aids and equipments) মধ্যে অনেক জিনিসই স্বাস্থ্য দফতর অথবা স্থানীয় কাউন্সিল বিনামূল্যে অথবা স্বল্পমূল্যে দিয়ে থাকেন।

তবে যদি, তারা কোন সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) না দেন অথবা না দিতে পারেন তাহলে আপনি হয়ত নিম্নলিখিতগুলি থেকে আর্থিক সাহায্য পেতে পারেন।

- সোসাল ফান্ড
- কোন একটি চ্যারিটি অথবা ডিসেবিলিটি অর্গেনাইজেশন
- ফ্যামিলি ফান্ড

**সোসাল ফান্ড**

আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তিনি যদি ইনকাম সাপোর্ট পেয়ে থাকেন, তাহলে তিনি হয়ত সোসাল ফান্ড থেকে কমিউনিটি কেয়ার গ্রাণ্ট পেতে পারেন। এটা আবেদন করার জন্য আপনার স্থানীয় বেনিফিট অফিসে যোগাযোগ করুন।

**চ্যারিটিগুলি অথবা ডিসেবিলিটি অর্গেনাইজেশনগুলি**

বেশীরভাগ বড় বড় চ্যারিটিগুলি এবং কতকগুলি ডিসেবিলিটি অর্গেনাইজেশনগুলি গ্রাণ্ট প্রদান করে থাকেন। এই গ্রাণ্টের জন্য আবেদন একজন সোসাল ওয়ার্কার অথবা স্বাস্থ্য কর্মীর (health worker) মাধ্যমে করতে হবে। 'এ

গাইড টু গ্রান্টস ফর ইনডিভিজুয়াল ইন নিডস (A Guide to Grants for Individuald in Need)' নামক বইয়ে এই সম্বন্ধে আরও তথ্য পাবেন। এই বই বেশীরভাগ লাইব্রেরী এবং এডভাইস সেন্টারে পাওয়া যাবে।

**ফ্যামিলি ফান্ড**

ফ্যামিলি ফান্ড, 'জোসেফ রাওনট্রি ফাউন্ডেশন' দ্বারা পরিচালিত। যে সকল বাচ্চারা কঠোর শারীরিক অথবা শিক্ষামূলক বিকলাঙ্গতায় ভুগছে তাদের জন্য সাহায্যকারী জিনিসগুলি (aids and equipments) এই ফাউন্ডেশন কখনও কখনও দিয়ে থাকেন।